



বার্ধক্য ভাতা

নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দপ্তর

প্রকল্পের উদ্দেশ্য

রাজ্যের দুঃস্থ বৃদ্ধ-বৃদ্ধাদের প্রতি মাসে ১০০০ টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা।

কারা এই প্রকল্পের সুবিধা পেতে পারেন

- ১) ষাটোর্দ্ধ ব্যক্তি যাকে দেখভাল করার জন্য পরিবারে কেউ নেই।
- ২) কমপক্ষে ১০ বছর ধরে পশ্চিমবঙ্গে বসবাস করছেন।
- ৩) আবেদনকারী অন্য কোনও সরকারি পেনশন পান না এবং তার মাসিক আয় ১০০০ টাকার কম।

কী কী নথি প্রয়োজন

- ১) আধার কার্ডের ফটোকপি।
- ২) ভোটার কার্ডের ফটোকপি।
- ৩) ব্যাঙ্কের পাশবইয়ের প্রথম পাতার ফটোকপি যেখানে অ্যাকাউন্ট নম্বর, আই.এফ.এস.কোড, এম.আই.সি.আর.কোড লেখা আছে।
- ৪) মাসিক আয়ের স্বঘোষণাপত্র।
- ৫) পশ্চিমবঙ্গে বসবাসের প্রমাণ হিসাবে স্বঘোষণাপত্র।
- ৬) আবেদনকারীর রঙিন পাসপোর্ট সাইজের ছবি।

বিশদে জানতে যোগাযোগ করুন

- ১) দুয়ারে সরকার ক্যাম্প
- ২) গ্রামীণ এলাকায় বিডিও অফিস, পৌর এলাকায় মহকুমাশাসকের কাছে এবং কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এলাকায় কন্ট্রোলার অফ ভ্যাগ্রান্সির অফিসে যোগাযোগ করতে পারেন।